অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/3/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসে বৃহত্তম কৃত্রিম প্রবাল প্রাচীরের সম্প্রসারণের দ্বিতীয় বর্ষ উদ্বোধন করলেন গভর্নর কুওমো

ফায়ার আইল্যান্ড রিফ এবং আরও ছয়টি প্রবাল প্রাচীরে নিয়োজন নতুন সামুদ্রিক বাসস্থান প্রদান করা, জীববৈচিত্র্য প্রসারিত করা ও মৎস্যসম্পদ পুনরুদ্ধারের জন্য রাজ্যের প্রচেষ্টা অব্যাহত রাখবে

নিউ ইয়র্কের কৃত্রিম প্রবাল প্রাচির প্রোগ্রামটি মাছ ধরা, পর্যটন এবং বিনোদনের জন্য বর্ধিত সুযোগের মাধ্যমে লং আইল্যান্ডের অর্থনীতিকে বলিষ্ঠ করে তুলবে

গভর্নর কুওমো জোন্স বিচ এর 90তমবছর পূর্তি অনুষ্ঠানকে স্বীকৃতি দিয়েছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসে সর্ববৃহৎ কৃত্রিম প্রবাল প্রাচীরের সম্প্রসারণের দ্বিতীয় বর্ষ চালু করেছেন, এটি একটি শক্তিশালী, আরো বৈচিত্র্যপূর্ণ সামুদ্রিক বাস্তুতন্ত্র এবং নিউইয়র্কের উপকূলের মাছ ও অন্যান্য সামুদ্রিক জীবনের জন্য আশ্রয়ের ব্যবস্থা করার জন্য রাজ্যের চলমান উদ্যোগের অংশ। গভর্নর আজ ফায়ার আইল্যান্ড রিফে, স্ট্যাটেন আইল্যান্ড এক্সপ্রেসওয়ে, কিউ গার্ডেন্স এবং কস্কুইজকো সেতু,ইরি ক্যানাল এবং মার্কিন যুক্তরাষ্ট্রের স্থলসেনার অবসরপ্রাপ্ত স্টিলের জলযান এমভি হাডসন (M/V HUDSON) থেকে পুনর্ব্যবহৃত উপকরণ নিয়োগ করেছেন একটি নতুন সামুদ্রিক বাসস্থান তৈরি করতে। আজকের রিফ প্রসারণের জন্য উপকরণ – এবং তার সাথে এই বছরের জন্য আরও ছয়টি ঘোষিত প্রসারণ, আটলান্টিক বিচ, ম্যাকক্যালিস্টার গ্রাউন্ডস,ইয়েলোবার, কিসমেট, ম্যাটিনকক এবং টুয়েল্ভ মাইল – নিউ ইয়র্কের বৈচিত্র্যময় সামুদ্রিক জীবন উন্নত করতে এবং লং আইল্যান্ডের বিনোদনমূলক ও ক্রিড়ামূলক মাছ ধরা এবং ডাইভিং শিল্পকে বাড়াতে কৌশলগতভাবে স্থাপন করা হবে।

"নিউ ইয়র্ক স্টেট জলবায়ু পরিবর্তন ও পরিবেশ রক্ষার ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের যে কোনো রাজ্যের চেয়ে বেশি কাজ করছে", **গভর্নর কুওমো বলেন।** "প্রবাল প্রাচীর পরিবেশ এবং অর্থনীতির জন্য অনুকূল, এবং আমাদের ব্যাপক কৃত্রিম প্রবাল প্রোগ্রামের অধীনে তৈরি নতুন প্রাচীরগুলি ইতিমধ্যে অবিশ্বাস্যভাবে সফল হয়েছে। আমরা এই সাফল্য অব্যাহত রাখবো ফায়ার আইল্যান্ড রিফকে বিভিন্ন ধরণের উপকরণ দিয়ে বলিষ্ঠ করে তুলে, এবং দেখাবো যে নিউ ইয়র্ক, বিশেষ করে লং আইল্যান্ড, কিভাবে একটি পরিবেশ অনুকূল অর্থনীতি এবং একটি পরিবেশ গড়ে তোলা যায়, তা প্রদর্শন করতে পারে এবং তা করবে।"

গভর্নর কুওমো যেমন নির্দেশ করেছেন এপ্রিল 2018এ, এবং অভূতপূর্ব, মাল্টি-এজেন্সি সমন্বয়, রাজ্য পরিবহণ দপ্তর (Department of Transportation, DOT), নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA)/ক্যানাল কর্পোরেশন (Canal Corporation) এবং থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority), অন্যান্য অংশীদারদের মধ্যে থেকে প্রাপ্ত পুনর্ব্যবহৃত সামগ্রী নতুন কাজে লাগানো হচ্ছে এবং নিউ ইয়র্কের কৃত্রিম প্রবাল প্রাচীরের সাইটগুলোকে বিকশিত করতে সাহায্য করছে।

744 একর জায়গা নিয়ে, তীর থেকে দু মাইল দূরত্বে অবস্থিত ফায়ার আইল্যান্ড রিফ, যার গভীরতা 62-73 ফুট, সব চেয়ে সাম্প্রতিক সামগ্রীর প্রাপক যার অন্তর্ভুক্ত:

মার্কিন সেনা বাহিনীর ইঞ্জিনিয়ারদের কাছ থেকে:

- অবসরপ্রাপ্ত মার্কিন সেনা বাহিনীর ইঞ্জিনিয়ার্সদের স্টিল ভেসেল এম/ভি হাডসন। 1963 সালে নির্মিত এম/ভি হাডসন সমুদ্রে তার কর্মজীবনে অনেক উদ্ধার প্রচেষ্টায় কাজ করে এবং এটি লম্বায় প্রায় 53 ফুট এবং ওজন 19 টন। এর প্রশংসনীয় কর্মজীবনে ছিল হেলিকপ্টার এবং বিমান দুর্ঘটনার প্রতি সাড়া দেওয়া, মৎস্য নমুনা সংগ্রহ এবং জলের গুণমান এবং পলির নমুনা সংগ্রহ করে নেভিগেশনের রক্ষণাবেক্ষণ করা এবং ড্রেজিঙ্গের কাজ সমর্থন করা, এবং সম্প্রতি নিউ ইয়র্ক এবং নিউ জার্সির বন্দরের গভীরতা 50 ফুট করা, যাতে আন্তর্জাতিক বাণিজ্যের জগতে প্রতিযোগিতা চালিয়ে যেতে সক্ষম হয় এই অঞ্চল।

DOT-এর স্ট্যাটেন আইল্যান্ড এক্সপ্রেসওয়ে, কুইন্সের কিউ গার্ডেন্স সেতু এবং কোস্কুইজকো সেতুর সেকশন থেকে প্রায় 1,000 টন উপাদান, যার মধ্যে রয়েছে:

- ইস্পাতের সেতুর গার্ডার 20 থেকে 60 ফুট দীর্ঘ;
- ইস্পাতের পাইপ 20 থেকে 40 ফুট দীর্ঘ;
- ইস্পাতের সাইন কাঠামো 50 ফুট দীর্ঘ; এবং
- 10টি ইস্পাতের উত্তোলন টাওয়ারের অংশ 10 থেকে 15 ফুট দীর্ঘ।

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (NYPA)/ক্যানাল কর্পোরেশনের থেকে:

- একটি 30 ফুট টেইন্টার গেট;
- 34 ফুট পর্যন্ত লিফট ব্রিজের সেকশন;
- 33 ফুট মিটার গেট; এএবং
- ছটি 20 ফুট স্টিল পন্টুন্স।

আজকের এই নিয়োগের সঙ্গে যোগ হয়েছে গভর্নর কুওমোর কৃত্রিম রিফ উদ্যোগ (Artificial Reef Initiative), যার মধ্যে একটি অভূতপূর্ব প্রচেষ্টা হল নিউ ইয়র্ক স্টেট থ্রাওয়ে অথরিটি (ওল্ড টাপ্পান জি সেতুর উপকরণ), NYPA/ক্যানাল কর্পোরেশন (ইরি ক্যানাল ভেসেল এবং দুইটি টার্বাইন), DOT (ইস্পাতের ট্রাস, পাইপ এবং পাথর) এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (New York City Department of Transportation) (সিটি আইল্যান্ড ব্রিজের অংশ) থেকে বিশাল পরিমাণে পুনর্ব্যবহারযোগ্য উপকরণ যা দূষকমুক্ত করা হয়েছে, তা 2018 সালে নিউ ইয়র্ক রিফ সাইটগুলিতে নিযুক্ত করা। নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশনের (Department of Environmental Conservation, DEC) কৃত্রিম রিফ প্রোগ্রাম, যা রাজ্যের 12টি কৃত্রিম প্রবাল প্রাচীর পরিচালনা করে, (লং আইল্যান্ড সাউন্ডের দুটি প্রাচীর, গ্রেট সাউথ বে-তে দুটি এবং আটলান্টিক মহাসাগরের আটটি) এছাড়াও একটি পিয়ার, ব্রিজ সাপোর্ট কংক্রিট এবং কংক্রিটের ব্যারিয়ার মোতায়েন করেছে ডিকমিশন করা মিল বেসিন ড্রব্রিজ (Mill Basin Drawbridge) থেকে নিয়ে হেম্পস্টিড রিফে নিযুক্ত করে।জানুয়ারী এবং ফেব্রুয়ারী 2019-এ।

ফায়ার আইল্যান্ড রিফে মোতায়েন করা উপকরণের অন্তর্ভুক্ত ছিল 2018 সালে:

- 4,700 টন জেটির পাথর;
- 1,808 ঘন গজ টাপ্পান জি ব্রিজের কংক্রিট রোড ডেকিং, পাইপ পাইল এবং সাবস্ট্রাকচারের টুকরা;
- 110' x29' ইস্পাতের এয়ার ফোর্স ফ্ল্যাট স্কো;
- 30' x15' ইস্পাতের পিয়ানো ফ্ল্যাট স্কো; এবং
- 100' x29' ইস্পাতের ডাম্প স্কো।

2018 সালে, গভর্নরের উদ্যোগের অধীনে হেম্পস্টিড, মোরিচেস, রকওয়ে, শিনেকক, স্মিথটাউন এবং ফায়ার আইল্যান্ড কৃত্রিম প্রবাল প্রাচীরে মোতায়েন করা উপকরণের মধ্যে ছিল 8,805 কিউবিক গজ পুরনো টাপ্পান জি ব্রিজের উপকরণ, 13টি প্রাক্তন ক্যানাল কর্পোরেশনের জাহাজ, 4,700 টন জেটির পাথর, দুটি 70-টন NYPA টার্বাইন এবং 170 টনেরও বেশি DOT উপাদান, যার অন্তর্ভুক্তইস্পাতের পাইপ, ট্রাস এবং আই-বিম।

সামুদ্রিক জীববিজ্ঞানীরা সামুদ্রিক জীবনের দ্রুত উপনিবেশায়নের কথা নথিবদ্ধ করেছেন, যার মধ্যে রয়েছে স্পঞ্জ, ঝিনুক, ব্রায়োজোয়ান, বার্নাকেলস এবং অ্যানিমোন, নিযুক্ত উপাদানের এবং রিফ সম্পর্কিত হাড়ওয়ালা মাছের, যেমন ব্ল্যাকফিশ/টাউটগ, ব্ল্যাক সি বাস এবং স্কাপ/পোর্গি, এমন উপকরণের উপর যা গত বছর গভর্নরের কৃত্রিম রিফ উদ্যোগের আওতায় মোতায়েন করা হয়েছে। স্টেট ইউনিভার্সিটি অফ স্টোনি ব্রুক সাউদ্যাম্পটনের (State University of Stony Brook Southampton) প্রফেসর ব্র্যাড পিটারসন শিনেকক রিফে নতুন নিয়োজিত রিফ উপাদান নিয়ে আন্ডারওয়াটার গ্রোথ গবেষণা পরিচালনা করছেন রিফের বিজ্ঞান এবং সমঝদারি অগ্রসর করতে এবং বাস্তুতন্ত্রে সেগুলি যে সুবিধা রপদান করে তা বুঝতে।

DEC-র কৃত্রিম রিফ প্রোগ্রামের দ্বারা পরিচালিত পর্যবেক্ষণ জরিপ 2018 সালে রিফ উদ্যোগ শুরু হওয়ার পর থেকে রিফ সাইটগুলিতে অ্যাঙ্গলারের কার্যকলাপ বৃদ্ধি কথা নথিবদ্ধ করা হয়েছে। 2018 সালের আগস্টে সমাপ্ত একটি জরিপ এক দিনে 369টি জাহাজগণনা করে রিফ সাইটগুলিতে, যা একটি সর্বকালীন উচ্চ সংখ্যা, যা পূর্ব দৈনিক উচ্চ জাহাজের গণনার চেয়ে তিন গুণ বেশি। এছাড়াও, নতুন যোগ করা ক্যানাল কর্পোরেশনের জাহাজগুলি এবং টাপ্পান জি সেতুর উপকরণগুলি অন্বেষণ করতে কৃত্রিম প্রাচীরগুলি পরিদর্শন করার উদ্দেশ্যে যাওয়া ডুবুরি সংখ্যা বেড়েছে। লং আইল্যান্ড ডুবুরির ক্লাবগুলির দ্বারা ব্যবহৃত স্থানীয় ডাইভ চার্টারগুলি তাদের ডাইভ চার্টারের গন্তব্যের ক্যালেন্ডারে শিনেকক রিফের টাগবোট রিলায়েবল এবং টেন্ডার 6 যোগ করেছে।

নিউ ইয়র্কের প্রথম কৃত্রিম প্রবাল প্রাচীর নির্মাণের তারিখ 1949 সাল, এবং এই সর্বশেষ উদ্যোগ কৃত্রিম প্রাচীরের পূর্ণ পরিবেশগত এবং অর্থনৈতিক সুবিধা উদ্দীপিত করতে রাজ্যের প্রথম সমন্বিত প্রচেষ্টা। কৃত্রিম রিফ সম্প্রসারণের মাধ্যমে বিভিন্ন ধরনের মাছ ও ক্রাস্টাসিয়ার জন্য আবাসস্থলের জীববৈচিত্র্য বৃদ্ধি পাবে, জীববৈচিত্র্য ও পরিবেশগত স্থায়িত্বের প্রসার ঘটবে এবং নিউ ইয়র্কের বিনোদনমূলক মাছ ধরা, ক্রিড়ামূলক মাছ ধরা ও ডাইভিং শিল্পকে বাড়াবে। রিফ সম্প্রসারণের জন্য ব্যবহৃত উপকরণ কৌশলগতভাবে স্থাপন করা হচ্ছে এবং কঠিন, টেকসই কাঠামো যেমন পাথর, কংক্রিট এবং ইস্পাতের পাইপ, এবং সাধারণত উদ্বৃত্ত বা স্ক্র্যাপ উপকরণ যা সামুদ্রিক জীবনের উপর সম্ভাব্য প্রভাব প্রশমিত করতে দূষক মুক্ত করা হয়, তার সাহায্যে তৈরি করা। একবার উপকরণ এবং জাহাজগুলি সমুদ্রের মেঝেতে ভালোভাবে বসে গেলে - বড় মাছ যেমন ব্ল্যাকফিশ, ব্ল্যাক সিব্যাস, কড এবং সামার ফ্লাউন্ডার - নতুন কাঠামোর মধ্যে আবাসস্থল গড়ে তোলার জন্য আসে, এবং কঠিন আবরণে পরিণত হওয়া প্রাণী যেমন বার্নাকেলস, স্পঞ্জ, অ্যানিমোন, প্রবাল এবং ঝিনুক লেগে থাকে এবং উপাদানটিকে আচ্ছাদিত করে। সময়ের সাথে সাথে, এই রিসাইকেল করা কাঠামোগুলি একটি প্রাকৃতিক প্রবাল প্রাচীরের মত বাসস্থান তৈরি করবে।

নিউ ইয়র্ক জেলার যুক্তরাষ্ট্রের ইঞ্জিনিয়ার্স আর্মি কোরের কমান্ডার কর্নেল টম অ্যাসবেরি বলেন, "এমভি হাডসন এখন তার দ্বিতীয় কর্মজীবন শুরু করেছে এবং সামুদ্রিক বাসস্থান তৈরি করে এবং মাছ ধরা ও ডাইভিং এর জন্য বিনোদনমূলক সুযোগ প্রদানের মাধ্যমে জাতির সেবায় অগ্রসর হবে। আমি রাজ্য এবং যুক্তরাষ্ট্রীয় দলগত কাজের এবং উদ্যোগের জন্য অত্যন্ত গর্বিতযে 56 বছর পরিষেবা প্রদানের পর আমাদের বহরের একটি আইকনিক জলযান ডিকমিশন করে সেটি স্ক্র্যাপ ধাতুর জন্য রিসাইকেল না করে জনসাধারণের সুবিধার জন্য এটি ব্যবহার করার অনুমোদন পেয়েছি।"

পরিবেশ সংরক্ষণ দপ্তর এর কমিশনার বেসিল সেগোস বলেছেন, "গভর্নর কুওমোর উদ্ভাবনী পদক্ষেপ নিউ ইয়র্কের কৃত্রিম প্রাচীর এর নেটওয়ার্ক প্রসারিত করার, একটি দূরদর্শী পরিকল্পনা যা নিউ ইয়র্কের উপকূলীয় সম্প্রদায়ের অর্থনীতিকে বলিষ্ঠ করার সাথে সাথে স্বাস্থ্যসম্মত, প্রাণবন্ত এবং বিবিধ জলজ বাস্তুতন্ত্র তৈরি করবে। ফায়ার আইল্যান্ড রিফের উপাদানে আজকের যোগদান অগণিত সামুদ্রিক প্রজাতিকে নতুন বাসস্থান প্রদান করবে, এই অঞ্চলের ক্রিড়ামূলক মাছ ধরা ও ডাইভিং শিল্পের জন্য বিনোদনমূলক সুযোগ বৃদ্ধি করবে এবং গভর্নরের স্বীকৃতির সর্বশেষ উদাহরণ যে আমাদের পরিবেশ ও অর্থনীতি ওতপ্রোতভাবে জড়িত।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন-এর কমিশনার ম্যারি থেরেস ডোমিংয়েজ বলেন, "পরিবেশকে রক্ষা করা এবং রাজ্যের অর্থনীতিকে তুলে ধরার জন্য আমরা, নিউ ইয়র্ক রাজ্যের পরিবহন বিভাগ, কাজ করি, এবং আমরা গর্বিত গভর্নর কুওমোর উদ্ভাবনী কৃত্রিম প্রবাল প্রাচীর উদ্যোগের অংশ হতে পেরে। আমাদের কিউ গার্ডেনস এবং কসকুইজকো ব্রিজ প্রকল্প থেকে নেওয়া উপকরণগুলি একটি বৈচিত্র্যময় সামুদ্রিক বাস্তুতন্ত্র উন্নীত করতে সাহায্য করবে, বিনোদনমূলক সুযোগ বৃদ্ধি করবে এবং পর্যটনের প্রসার ঘটাবে। এটি শুধু পরিবেশের জন্য ভালো নয় বরং এটি একটি বিচক্ষণ পরিবহণ নীতি।"

NYPA এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী গিল সি. কুইনিওনেস বলেন, "নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি এবং ক্যানাল কর্পোরেশন লং আইল্যান্ডের উপকূলের নিকটবর্তী কৃত্রিম প্রবাল প্রাচীর সম্প্রসারণ অব্যাহত রাখার জন্য গভর্নর কুওমোর উদ্যোগে একটি ভূমিকা পালন করতে পেরে গর্বিত। বর্জ্য পদার্থের এই উদ্ভাবনী পূণর্ব্যবহার একটি গুরুত্বপূর্ণ উপকূলীয় সম্পদকে উজ্জীবিত করবে এবং মাছ ধরা, বিনোদনমূলক ডাইভিং এবং পর্যটন টিকিয়ে রাখতে সাহায্য করে এমন জলপথ সমৃদ্ধ করবে। নিউইয়র্ক স্টেট আবারো পরিবেশ স্থায়িত্ব ও অর্থনৈতিক উন্নয়নের প্রচারের ক্ষেত্রে তার জাতীয় নেতৃত্ব প্রদর্শন করে।"

ক্যানাল কর্পোরেশনের পরিচালক ব্রায়ান ইউ. স্ট্র্যাটন বলেন, "আমরা খুশি যে নিউইয়র্ক স্টেট খালের পরিকাঠামোর গুরুত্বপূর্ণ অংশ এই উপাদানগুলি, আরও এক বার ভালোভাবে ব্যবহার করা যাবে। ফিশারিগুলিকে সমৃদ্ধ করতে এবং বিনোদনের নতুন উৎসগুলি উন্নত করা আমাদের মূলমন্ত্র।"

থ্রুওয়ে অথরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বলেন, "পুরনো টাপ্পান জি সেতুকে গত বছর নতুন জীবন দেওয়া হয় যখন তার ইস্পাত ও কংক্রিট রিসাইকেল করা হয় এবং লং আইল্যান্ডের উপকূলের ফায়ার আইল্যান্ড রিফ এবং অন্যান্য কৃত্রিম প্রবাল প্রাচীরগুলিতে ব্যবহৃত হয়। আজকের এই মোতায়েন এই গুরুত্বপূর্ণ সামুদ্রিক উদ্যোগকে প্রসারিত করে। গভর্নর কুওমো বোঝেন যে রাজ্যের সংস্থাগুলি একসাথে কাজ করে সৃজনশীল সমাধান প্রদান করলে তা অর্থনৈতিক উন্নয়ন এবং পরিবেশ রক্ষার জন্য ভালো হয়।"

সিনেট এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিটির (Senate Environmental Conservation Committee) সভাপতি সিনেটর টড কামিনস্কি বলেন, "লং আইল্যান্ডের উপকূলের কাছে কৃত্রিম প্রবাল প্রাচীর স্থাপন করা একটি উদ্ভাবনী এবং যুগান্তকারী পরিকল্পনা যা আমাদের এলাকায় মাছের বেড়ে ওঠার জন্য একটি নতুন বাড়ি এবং স্থান প্রদান করেছে। আমি গভর্নর কুওমো, পরিবেশ সংরক্ষণ অধিদপ্তর, এবং রাজ্য সরকারে আমার সহকর্মীদের ধন্যবাদ জানাই এই প্রাচীর সম্প্রসারণের জন্য টেকসই বিনিয়োগ করার জন্য।"

পরিষদ সদস্য স্টিভ অ্যাঙ্গলব্রাইট বলেন, "লং আইল্যান্ডের কাছে, আমাদের বন্দর এবং সমুদ্রের পানির মেঝে মূলত বালি এবং অন্যান্য আলগা পলি দিয়ে তৈরি। সমুদ্রের নিচে একটি শক্ত পৃষ্ঠতল যার উপর একটি সামুদ্রিক উদ্ভিদ বা প্রাণী বাড়তে পারে তা পাওয়া দুস্কর। এই কারণে পুরানো

সেতু এবং অন্যান্য পরিচ্ছন্ন ডিকমিশন করা কাঠামো থেকে ইস্পাত পুনঃব্যবহার করে প্রাচীর তৈরি করলে তা উচ্চ মানের মাছ ধরার ক্ষেত্র প্রদান করে জীববৈচিত্রময় সামুদ্রিক আবাসস্থল তৈরি করতে পারে। ইস্পাত ও অন্যান্য উপকরণের পুনর্ব্যবহারের মাধ্যমে সামুদ্রিক জীবনের নতুন বাসস্থান তৈরির উদ্যোগের জন্য গভর্নর কুওমোর উদ্যোগের প্রশংসা করি।"

নিউ ইয়র্কের মেরিন সংস্থানসমূহ রাজ্যের অর্থনীতির জন্য গুরুত্বপূর্ণ, প্রায় 350,000 চাকরির ব্যবস্থা করে এবং পর্যটন, মাছ ধরা ও অন্যান্য শিল্পের মাধ্যমে বহু বিলিয়ন ডলার উৎপাদন করে। এই অঞ্চলের 500,000 বেশি মেছুড়ে এই উদ্যোগের সুফল পাবেন, এই অঞ্চলের ক্রমবর্ধমান সামুদ্রিক অর্থনীতিকে সমর্থন করে যা লং আইল্যান্ডের মোট GDP-র প্রায় 9.7 শতাংশ।

নিউ ইয়র্কের কৃত্রিম রিফ প্রোগ্রাম সামুদ্রিক বাস্তুতন্ত্র ও অর্থনীতি পুনরুদ্ধারের জন্য গভর্নরের প্রতিশ্রুতির একটি উদাহরণ মাত্র। বৃহত্তম অফশোর বায়ুচুক্তির সাথে মিলিত হয়ে পরিবেশ রক্ষা তহবিল ও বিশুদ্ধ পানি পরিকাঠামো আইনে (Environmental Protection Fund and Clean Water Infrastructure Act) রেকর্ড বিনিয়োগ, অফশোর ড্রিলিং-এর ওপর নিষেধাজ্ঞা, বাঙ্কার বিলের প্রণয়ন কিস্টোন প্রজাতির সুরক্ষার জন্য পার্স সেইন্সের (বড় জাল, যা গুটিয়ে ব্যাগের মত করা যায়) ব্যবহার নিষিদ্ধ করা, লং আইল্যান্ড শেলফিশ রেস্টোরেশন উদ্যোগের অবিরত অগ্রগতি, এবং আরো অনেক প্রোগ্রাম জলের মান রক্ষা এবং উন্নত করার জন্য, গভর্নরের প্রচেষ্টা সব নিউ ইয়র্কবাসীদের জন্য একটি পরিষ্কার এবং স্বাস্থ্যসম্মত সামুদ্রিক পরিবেশ প্রদান করতে দিচ্ছে।

কৃত্রিম প্রবাল প্রাচীর নির্মাণ গভর্নর কুওমোর মাছ ও শিকারের উদ্যোগের জন্য নিউ ইয়র্ক খোলা (NY Open for Fishing and Hunting Initiative) উদ্যোগের অংশ, রাজ্যের এবং রাজ্যের বাইরে থাকা পুরুষ ও মহিলা খেলোয়ারদের জন্য বিনোদনমূলক কার্যক্রম উন্নত করার প্রচেষ্টা এবং সারা রাজ্যে পর্যটনের সুযোগ বৃদ্ধি করা। এই বিষয়ে আরও তথ্যের জন্য DEC-র ওয়েবসাইটটি দেখুন কৃত্রিম রিফ প্রোগ্রাম সম্পর্কে।

একটি মানচিত্র, সাইট স্থানাংক এবং নিউ ইয়র্ক রাজ্যের কৃত্রিম প্রবাল প্রাচীর উপর অতিরিক্ত তথ্য (PDF, 914 KB) নিউইয়র্কস্টেট রিফ সাইটে ভ্রমণের পরিকল্পনা করার জন্য পাওয়া যায়।

নিউ ইয়র্কের এক কৃত্রিম প্রবাল প্রাচীর পরিদর্শনের আগে, দেখুন বর্তমান বিনোদনমূলক নোনা জলের মাছ ধরার নিয়মকানুন. দেখুন DEC-র কৃত্রিম রিফ বিল্ডিংয়ের ভিডিও ইউটিউবে ও আমাদের স্বেচ্ছাসেবক পর্যবেক্ষণ প্রোগ্রাম সম্পর্কে আরও জানুন DEC-র ওয়েবসাইটে।

জোন্স সৈকতের 90 তম বার্ষিকী

আটলান্টিক মহাসাগরের ছয় মাইলের বেশি বালির সমুদ্রসৈকত নিয়ে একটি অন্তরায় দ্বীপে অবস্থিত 2,413 একর আয়তনের এই পার্কে বর্ষবরণ সপ্তাহান্তে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। রবার্ট মোজেসের ডিজাইন করা এই পার্কটি 2005 সাল থেকে ঐতিহাসিক স্থানের জাতীয় নিবন্ধটিতে (National Register of Historic Places) রয়েছে এবং বর্তমানে বছরে ছয় মিলিয়নের বেশি দর্শনার্থীদের আকৃষ্ট করে।

ইভেন্টগুলির মধ্যে রয়েছে: একটি খাদ্য ট্রাক গ্রাম, শিশুদের জন্য ফোলানো যায় এমন বস্তু, পিরিয়ড পোষাক পরিহিত অভিনেতারা যারা বোর্ডওয়াকে পায়চারি করবেন; লন গেম; এবং স্ব-ফটো স্টেশন, অতীতের কৌতুকময় জোন্স বিচ পার্ক কর্মীদের ইউনিফর্মের ছবির কাট-আউট সহ জেগুলি স্থাপন করা হবে।

4 আগস্ট, স্বাভাবিক 10 মার্কিন ডলারের পার্কিং চার্জ 50 সেন্টে নামিয়ে আনা হবে, যা মূলত যে বছর জোন্স বিচ খোলা হয়েছিল সে বছরের সপ্তাহান্তের ফি ছিল। সেদিন সেন্ট্রাল মলে সকাল 11 টা থেকে শুরু করে 400 পাউন্ড ওজনের জন্মদিনের কেক কাটা ও টুকরো করে বিতরণ করা হবে। এরপর পার্কের সর্বত্র 9,990 টি কাপকেক বিনামূল্যে বিতরণ করা হবে।

2011 সাল থেকে গভর্নরের নিউ ইয়র্ক পার্কস 2020 পরিকল্পনার (Governor's NY Parks 2020 Plan) অধীনে জোন্স বিচ স্টেট পার্কের ঐতিহাসিক রাজকীয়তা পুনরুদ্ধার করা, ক্ষতিগ্রস্ত সুপারস্টর্ম স্যান্ডির (Superstorm Sandy) মেরামত করা, নতুন দর্শনার্থীদের আকৃষ্ট করা এবং বহুবর্ষব্যাপী পুনরুজ্জীবিতকরণ পরিকল্পনার অংশ হিসেবে নতুন বিনোদনমূলক ফেসিলিটি তৈরি করার জন্য স্টেট পার্ক 100 মার্কিন ডলারের অধিক মূল্যের বিভিন্ন প্রকল্প শুরু এবং সমাপ্ত করেছে।

###

অতিরিক্ত তথ্য এখানে উপলব্ধ www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন